

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.৮৯(অংশ-৩)- ৪৪

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৮  
১৪ ফেব্রুয়ারি ২০২২

আদেশ

যেহেতু, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা) বাণিজ্য মন্ত্রণালয় হতে লাইসেন্সপ্রাপ্ত সংগঠন;  
যেহেতু, সংগঠনটির কার্যনির্বাহী কমিটির মেয়াদ গত ১৪-০৯-২০২০ তারিখে শেষ হয় এবং মেয়াদ শেষ হবার পূর্বেই বায়রার সভাপতি কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত গ্রহণ পূর্বক বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সময় বৃদ্ধি করা হয়;

যেহেতু, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সময় বৃদ্ধির আদেশ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশে স্থগিত করার প্রেক্ষিতে জনাব মোঃ নূর মোঃ মাহবুবুল হক, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা) এর প্রশাসনিক ও নির্বাচন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য প্রশাসক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়;

যেহেতু, প্রশাসকের মেয়াদ গত ০২-০১-২০২২ তারিখে ০১ (এক) বছর উত্তীর্ণ হয়েছে;

যেহেতু, মহামান্য আদালতের আদেশ বহাল আছে;

যেহেতু, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)-এর নির্বাচিত কোন কমিটি এখনও দায়িত্ব গ্রহণ করেনি।

যেহেতু, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর ১০(২) ধারা মতে “সরকার উহা যেরূপ উপযুক্ত মনে করিতে পারে সেইরূপে, তবে এক বৎসরের অধিক নয় এমন, মেয়াদের জন্য উক্ত কমিটির কৃত্যসমূহের দায়িত্ব-গ্রহণ করিবার জন্য এবং বাণিজ্য সংগঠনের ব্যাপারাদির ব্যবস্থাপনা ও পরিচালনা করিবার জন্য একজন প্রশাসক নিযুক্ত করিতে পারে”;

সেহেতু, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)-এর বায়রার প্রশাসনিক ও নির্বাচন সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য জনাব নূর মোঃ মাহবুবুল হক, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এর পরিবর্তে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ১০ ধারা মোতাবেক জনাব মোহাম্মদ দাউদুল ইসলাম, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)-এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি দায়িত্ব গ্রহণের পর সংগঠনের রুটিন কার্যক্রম পরিচালনাসহ সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুযায়ী একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তরপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

উল্লেখ্য, দায়িত্বপ্রাপ্ত প্রশাসক বিধি মোতাবেক প্রশাসকের সম্মানিতা/দায়িত্বভাভা প্রাপ্ত হবেন।

১৪.০২.২০২২  
মোঃ ওয়াহিদুজ্জামান  
যুগ্মসচিব  
পরিচালক, বাণিজ্য সংগঠন  
ফোন- ৯৫৪০৬৭৯

ই-মেইল: director.dto@mincom.gov.bd

জনাব মোহাম্মদ দাউদুল ইসলাম  
যুগ্মসচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.৮৯(অংশ-৩)- ৪৪

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৮  
১৪ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
- ০২। জনাব নূর মোঃ মাহবুবুল হক, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল, বা/এ ঢাকা-১০০০
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৬। অফিস সচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নিউ ইকান্টন রোড, ঢাকা
- ০৭। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (রপ্তানি), মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৪.০২.২০২২  
(সেয়দা নাহিদা হাবিবা)  
উপসচিব

**বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)**

বায়রা ভবন, ১৩০, নিউ ইকান্টন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২২/৫৭

তারিখঃ ১৫/০২/২০২২

সদয় অবগতি ও সানুস্থ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

১৫/০২/২০২২  
(মুহাম্মদ মাকসুদুর রহমান)  
সচিব (প্রশাসন), বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থে সম্মানিত সদস্য (সকল)

বায়রা (বায়রা নোটিশ বোর্ড, ই-মেইল, ওয়েবসাইট, হোয়াটসঅ্যাপস গ্রুপ)